

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা পেছালো, আবেদনের বাকি ২ দিন

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট


প্রকাশ : ২৩ এপ্রিল ২০২৫, ২২:০২



ছবি: সংগৃহীত

UNIBOTS

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। নতুন সময় অনুযায়ী, ২১ দিন পিছিয়ে এখন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৪ মে। ওই দিন বেলা ১১টায় অনুষ্ঠিত হবে পরীক্ষা।

 [দৈনিক ইন্ডেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (২৩ এপ্রিল) বিশ্ববিদ্যালয়টির ভারপ্রাপ্ত ডিন ড. মো. আশেক কবির চৌধুরী সই করা এক বিজ্ঞপ্তিতে এমন তথ্য জানানো হয়েছে। আগের সময় অনুযায়ী ৩ মে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

এছাড়া, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তিতে অনলাইনে প্রাথমিক [আবেদন](#) শেষ হবে ২৫ এপ্রিল। ওইদিন রাত ১২টা পর্যন্ত আবেদন করতে পারবেন আগ্রহীরা।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০ জানুয়ারি ১০ (২২৬) জাতী: বি:/রেজি/অ্যাকা:/ ২০২৫/৩০৮৭ সংখ্যক ভর্তি বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার তারিখ ০৩ মে এর পরিবর্তে আগামী ২৪ মে শনিবার বেলা ১১টায় অনুষ্ঠিত হবে।

এছাড়াও ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য শর্তাদি অপরিবর্তিত থাকবে বলেও জানানো হয়েছে।

ফরম পূরণ ফি ৭০০

আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক [ওয়েবসাইট](#) থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০ টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অথবা সরাসরি) ২৭ এপ্রিলের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সব শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তগুলো ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক [ওয়েবসাইটে](#) মিলবে। এই [ওয়েবসাইটে](#) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক [ওয়েবসাইট](#) থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০ টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অথবা সরাসরি) ২৭ এপ্রিলের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সব শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

ভর্তি পরীক্ষার নম্বর কত?

ভর্তি পরীক্ষায় উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ১ ঘণ্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৪০ শতাংশ ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৬০ শতাংশ যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধাতালিকা প্রস্তুত করা হবে। পরবর্তী সময়ে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেওয়া হবে।

ভর্তি বিজ্ঞপ্তির বিস্তারিত দেখতে ও আবেদনের পদ্ধতি দেখতে এখান [ক্লিক করুন](#)